



ISO 9001, ISO 14001 &

OHSAS 18001 Certified

সভাপতি, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২

এবং

সচিব

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৭ - ৩০ জুন, ২০১৮

সূচিপত্র

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন-১ : সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি

সেকশন-২ : সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদনসূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ।

 ২১

উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও এর আওতাধীন পবিসসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ কে প্রদত্ত বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে

সভাপতি, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২

এবং

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ১৫/০৬/২০১৭ খ্রিঃ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সিরাজগঞ্জ পবিস-২ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of Sirajgonj PBS-2)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা :

• সাম্প্রতিক বছর সময়ের (২ বছর) প্রধান অর্জনসমূহ :

সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ সদর, কাজিপুর, কামারখন্দ, বেলকুচি ও চৌহালী (আংশিক) উপজেলার সমন্বয়ে ৯৫২ বর্গ কিলোমিটার এলাকা নিয়ে গত ২৭/০৫/২০১৫ তারিখ অভিবক্ত সিরাজগঞ্জ পবিস বিভাজন হয়ে সিরাজগঞ্জ পবিস-২ গঠিত হয়। বর্তমান সরকারের রূপকল্প ২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে সিরাজগঞ্জ পবিস-২ কাজ করে যাচ্ছে। গত ২৭/০৫/২০১৫ তারিখ অভিবক্ত সিরাজগঞ্জ পবিস বিভক্ত হয়ে যখন সিরাজগঞ্জ পবিস-২ গঠিত হয় তখন গ্রাহক সংখ্যা ছিল ১,০৫,০০০ জন। বর্তমান মে/২০১৭ পর্যন্ত গ্রাহক সংখ্যা বৃদ্ধি পেয়ে তা ২,১৭,০০০ জন এ উন্নীত হয়েছে। বিতরণ লাইন ছিল ২২০০ কিঃমিঃ। বর্তমান মে/২০১৭ পর্যন্ত মোট নির্মিত লাইন হয়েছে ২৮৬২.৪১৬ কিঃমিঃ। ইতোমধ্যে ০৫ টি উপজেলার মধ্যে কামারখন্দ উপজেলা গত ডিসেম্বর/২০১৬ মাসে শতভাগ বিদ্যুতায়নের আওতায় আনা হয়েছে। বাকি ০৪ টি উপজেলা আগামী ২০১৮ সালের মধ্যে শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

জাইকা প্রকল্পের আওতায় বেলকুচি-২, ১০এমভিএ উপকেন্দ্র নির্মাণ করা হয়েছে এবং উক্ত এলাকাটি শিল্প সমৃদ্ধ হওয়ায় ইতোমধ্যে উক্ত উপকেন্দ্র ২০ এমভিএ তে উন্নীত করনের লক্ষ্যে আরআরডিপি-২ প্রকল্পের আওতায় নির্মাণ কাজ চলমান আছে। অত্র পবিস এর নিজস্ব জনবল দ্বারা শাহজাদপুর গ্রীডে একটি নতুন বে-ব্রেকার স্থাপন করে উল্লাপাড়া ৩৩ কেভি ফিডারের টি-অফ অপসারণ করে বেলকুচি ৩৩ কেভি ফিডার চালু করা হয়েছে। বিভাজনের সময় অত্র পবিস এর ২৫টি ১১ কেভি ফিডার ছিল যা বর্তমানে ৩৮ টি ফিডারে উন্নীত হয়েছে। এছাড়াও কামারখন্দ ও বেলকুচি-২ উপকেন্দ্রের জন্য ১.৮ মিলিয়ন প্রকল্পের আওতায় ৪১ সার্কিট কিঃমিঃ এবং ৩৩ কিঃমিঃ ডাবল সার্কিট লাইন নির্মাণ অব্যাহত আছে। ইতোমধ্যে সিরাজগঞ্জ ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্রে সমিতির নিজস্ব অর্থায়নে ৫ টি বে-ব্রেকার তৈরীর জন্য কার্যাদেশ প্রদান করা হয়েছে। আগামী ডিসেম্বর/২০১৭ মাসের মধ্যেই উক্ত বে-ব্রেকারের নির্মাণ কাজ শেষ হবে বলে আশা করা যাচ্ছে। উক্ত বে-ব্রেকার নির্মাণ কাজ শেষ হলে নতুন নির্মিত ৩৩ কেভি ডাবল সার্কিট এর ০১ টি থেকে ৪ টি ৩৩ কেভি শিল্প গ্রাহককে বিদ্যুৎ সংযোগ দেওয়া সম্ভব হবে। বর্তমানে অত্র সমিতির সিস্টেম লস মে/২০১৭ পর্যন্ত ৮.৪৮% এবং নির্মিত উক্ত ৩৩ কেভি লাইনে ৪ টি ৩৩ কেভি গ্রাহক সংযোগ হয়ে গেলে অত্র সমিতির সিস্টেম লস সিঙ্গেল ডিজিটে রাখা সম্ভব সহ গ্রাহক সেবার মান উন্নত হবে।

• সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহ :

অত্র পবিসের আওতায় দ্রুত গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সেই সাথে গ্রাহকের বিদ্যুতের চাহিদা (ব্যবহৃত লোড) দ্রুত বৃদ্ধি পাচ্ছে। অত্র পবিসের বর্তমান পিক-লোড ৬২ মেঃওঃ ; যা চাহিদা অনুযায়ী গ্রীড উপকেন্দ্র থেকে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। আগামী সেচ মৌসুম ও গ্রীষ্মে বিদ্যুতের চাহিদা বেড়ে ৭০ মেঃওঃ এ উন্নীত হওয়ার সম্ভাবনা থাকায় গ্রীড উপকেন্দ্র থেকে চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া না গেলে গ্রাহক প্রাপ্তে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা একটি বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়াবে। তাছাড়া সমিতির ২৮৬২.৪১৬ কিঃমিঃ দীর্ঘ বৈদ্যুতিক লাইন রয়েছে। ফলে গাছ-গাছালী সমৃদ্ধ গ্রামীন এলাকায় দুর্যোগপূর্ণ অবস্থায় বিদ্যুৎ সচল রাখাও সমিতির জন্য একটি চ্যালেঞ্জ। শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে আর্থিকভাবে অস্বচ্ছল অত্র পবিসের পক্ষে বিপিডিবি, পিজিসিবির বিল ও দৈনন্দিন ব্যয় নির্বাহের পর ট্রান্সফরমার, পোল, এসিআর, মিটার ও সার্ভিস ড্রপ ইত্যাদি নগদ মূল্যে ক্রয় করাও অত্র সমিতির জন্য একটি সমস্যা।

• ভবিষ্যত পরিকল্পনা :

সিরাজগঞ্জ পবিস-২ এর ভৌগোলিক এলাকায় ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে ইতোমধ্যেই কামারখন্দ উপজেলা এবং চৌহালী উপজেলা (আংশিক) শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। সিরাজগঞ্জ সদর ও কাজিপুর উপজেলা ২ টি জুন/১৭ এবং বেলকুচি উপজেলা ডিসেম্বর/১৭ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়ন কাজ শেষ করার পরিকল্পনা রয়েছে।

সরকার কর্তৃক ঘোষিত অর্থনৈতিক অঞ্চলের জন্য সিরাজগঞ্জ জেলার যমুনার তীরে সয়দাবাদ এলাকায় অর্থনৈতিক অঞ্চল গড়ে উঠবে। উক্ত অর্থনৈতিক অঞ্চলে বিদ্যুৎ সরবরাহের জন্য অত্র পবিস কর্তৃক সয়দাবাদ, ২৩০ কেভি সুইচিং স্টেশনের সাথে ১৩২/৩৩ কেভি, ১০০/১৫০ এমভিএ গ্রীড উপকেন্দ্র নির্মাণের জন্য প্রস্তাব করা হয়েছে। উক্ত গ্রীড হতে ৪ টি ৩৩ কেভি ফিডারের মাধ্যমে অত্র পবিস কর্তৃক সয়দাবাদ অর্থনৈতিক অঞ্চলে বিদ্যুৎ সরবরাহের পরিকল্পনা করা হয়েছে। অর্থনৈতিক অঞ্চলে ৩৩/১১ কেভি, ৪০/৫৬ এমভিএ করে ২ টি উপকেন্দ্র নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। অর্থনৈতিক অঞ্চলে বিদ্যুৎ সরবরাহের জন্য ২০ সার্কিট কিলোমিটার ৩৩ কেভি লাইন, ৯০ কিলোমিটার ১১ কেভি লাইন এবং প্রস্তাবিত সয়দাবাদ ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র হতে ৬ টি ৩৩ কেভি বে-ব্রেকার এর পরিকল্পনা অত্র পবিস কর্তৃক গ্রহণ করা হয়েছে। উক্ত কাজগুলো ইতোমধ্যেই UREDS Phase-2 প্রকল্পে অন্তর্ভুক্ত করা হয়েছে।

সিরাজগঞ্জ পবিস-২ একটি সম্ভাব্য পবিস। অত্র পবিসের ভৌগলিক এলাকা বড়, মাঝারী ও ছোট ছোট বস্ত্র শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠেছে। অর্থনৈতিক অঞ্চল ও শিল্প সমৃদ্ধ এলাকা বিবেচনায় আগামী ৫ বৎসর অর্থাৎ ২০২১ সালের মধ্যে বর্তমানে ৭ টি উপকেন্দ্রের ক্যাপাসিটি ৯৫ এমভিএ হতে বৃদ্ধি হয়ে ৩০৫ এমভিএ তে উন্নীত হবে। গ্রাহকের লোড বৃদ্ধি বিবেচনায় আগামী ৫ বৎসরের পরিকল্পনায় যা রয়েছে তা নিম্নরূপ :

শতভাগ পল্লী বিদ্যুতায়নের বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ (RRKB) প্রকল্পের আওতায় ৪ টি নতুন উপকেন্দ্র নির্মাণ এবং ২ টি উপকেন্দ্র আপগ্রেডেশন এবং ৫০ কিঃমিঃ ৩৩ কেভি এবং নিম্ন ভোল্টেজের লাইন নির্মাণ পরিকল্পনা আছে।

নতুন উপকেন্দ্র সমূহ :

(১) বেলকুচি-৩(গোপালপুর)	১০ এমভিএ
(২) কাজিপুর-২(চালিতাডাংগা)	১০ এমভিএ
(৩) কামারখন্দ-২(টেংরাইল)	১০ এমভিএ
(৪) কামারখন্দ-৩(ভদ্রঘাট)	১০ এমভিএ

আপগ্রেড উপকেন্দ্র সমূহ :


- (১) কাজিপুর উপকেন্দ্র-১০ এমভিএ হতে উন্নীত হয়ে ১৫ এমভিএ।
- (২) সিরাজগঞ্জ-১ উপকেন্দ্র-১৫ এমভিএ হতে উন্নীত হয়ে ২০ এমভিএ।

বিশ্বব্যাংকের সহায়তায় UREDS Phase-2 প্রকল্পে অন্তর্ভুক্ত করা হয়েছে তন্মধ্যে নতুন উপকেন্দ্র-৬ টি, আপগ্রেডেশন উপকেন্দ্র-৩ টি, শাহজাদপুর গ্রীড হতে ৩৩ কেভি বে-ব্রেকার স্থাপন-১ টি, ৩৩ কেভি নতুন লাইন নির্মাণ-৯০ কিঃমিঃ, ১১ কেভি লাইন নির্মাণ লক্ষ্যমাত্রা-১০০ কিঃমিঃ, ১১ কেভি লাইন আপগ্রেডেশন-২৭২ কিঃমিঃ, ১১ কেভি ফিডার বাই-ফারকেশন-২৫ কিঃমিঃ। ঝুঁকিপূর্ণ ১১ কেভি লাইন স্থানান্তর-৩০ কিঃমিঃ, ঝুঁকিপূর্ণ ৩৩ কেভি লাইন স্থানান্তর-৭ কিঃমিঃ, এলটি লাইনকে এইচটি লাইনে পরিবর্তন-৬৪ কিঃমিঃ, বিতরণ ব্যবস্থায় নিউট্রাল কন্ডাক্টরবিহীন লাইনে নিউট্রাল তার পুনঃস্থাপন-৪০০ কিঃমিঃ।

(ক) নতুন উপকেন্দ্র সমূহ :

(১) সিরাজগঞ্জ-৪(অর্থনৈতিক অঞ্চল)	২x২০/২৮ এমভিএ=৪০/৫৬ এমভিএ
(২) সিরাজগঞ্জ-৪(অর্থনৈতিক অঞ্চল)	২x২০/২৮ এমভিএ=৪০/৫৬ এমভিএ
(৩) কামারখন্দ-৫(মধ্য ভদ্রঘাট)	১০ এমভিএ
(৪) সিরাজগঞ্জ-৫(আলমপুর)	১০ এমভিএ
(৫) কামারখন্দ-৪(চৌবাড়ী)	১০ এমভিএ
(৬) বেলকুচি-৪(দৌলতপুর)	১০ এমভিএ





(খ) আপগ্রেড উপকেন্দ্র সমূহ :

(১) সিরাজগঞ্জ-২(পিপুলবাড়িয়া)	১০ এমভিএ হতে ২০ এমভিএ
(২) সিরাজগঞ্জ-৩(মুলিবাড়ী)	১০ এমভিএ হতে ২০ এমভিএ
(৩) কামারখন্দ-১(কডডা)	১৫ এমভিএ হতে ২০ এমভিএ


সমিতির নিজস্ব জনবল দ্বারা বেলকুচি-১ উপকেন্দ্রের (টি-৩), ৫এমভিএ পাওয়ার ট্রান্সফরমার আপগ্রেড কওে ১০ এমভিএতে উন্নীত করার পরিকল্পনা রয়েছে। আগামী ২০২৫ সাল পর্যন্ত অত্র পবিস কর্তৃক যে পরিকল্পনা রয়েছে তার পরিসংখ্যান নিম্ন ছকে প্রদান করা হলো

বিষয়	বৎসর ভিত্তিক অগ্রগতির পরিকল্পনা									
	২০১৬ পর্যন্ত	২০১৭	২০১৮	২০১৯	২০২০	২০১০	২০২২	২০২৩	২০২৪	২০২৫
পিকলোড(MW) (ক্রমপুঞ্জিত)	৬০	৬২	৭৫	১০০	১২০	১৩৫	১৫৫	১৭০	১৮৫	২০০
এলটি লাইন(Km) (ক্রমপুঞ্জিত)	৮০৮	১০৩১	১০৬০	১০৬৩	১০৬৭	১০৭২	১০৭৪	১০৭৭	১০৭৯	১০৮৩
১১ কেভি লাইন(Km) (ক্রমপুঞ্জিত)	১৯২৯	২৪৪৭	২৫১৮	২৫৫৮	২৬০৮	২৬৫৮	২৬৭৮	২৬৮৮	২৬৯৮	২৭১৮
৩৩ কেভি লাইন(Km) (ক্রমপুঞ্জিত)	৫৭	৯৯	৯৯	১৩৯	১৪৯	১৮৯	১৮৯	১৮৯	১৮৯	১৮৯
বিতরন ট্রান্সফরমার স্থাপিত ক্ষমতা(MVA) (ক্রমপুঞ্জিত)	১৪৩	১৪৮	১৭৯	২৩৯	২৮৭	৩২৩	৩৭১	৪১৯	৪৫৫	৪৯১
৩৩ কেভি উপকেন্দ্র সংখ্যা (ক্রমপুঞ্জিত)	০৭	০৭	০৭	১১	১২	১৭	১৭	১৭	১৭	১৭
উপকেন্দ্রের ক্ষমতা(MVA) (ক্রমপুঞ্জিত)	৯৫	৯৫	১১৫	১৫৫	১৯৫	৩০৫	৩০৫	৩০৫	৩০৫	৩০৫
গ্রাহক সংখ্যা (ক্রমপুঞ্জিত)	৩০৫৫৫	৫৪৫৫৫	৫৪৫৫৫	৫৪৫৫৫	০৫৫৫০	০০৫০০	০০৫০০	০০৫০০	০০৫০০	০০৫০০

২০১৭-২০১৮ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহ :

- ০১। অত্র পবিসের আওতাধীন ০৩ টি উপজেলা শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হবে।
- ০২। ০৩ টি উপকেন্দ্র বেলকুচি-১, বেলকুচি-২ ও কাজিপুর আপগ্রেড করা হবে।
- ০৩। ০২ টি ৩৩ কেভি ফিডার নির্মাণ কাজ সম্পন্ন হবে (৪১ সার্কিট কিলোমিটার)।
- ০৪। পবিসের আর্থিক সক্ষমতা বৃদ্ধি।
- ০৫। বকেয়া মাস ১.০৫ অর্জন।
- ০৬। সিস্টেম লস সিঙ্গেল ডিজিটে আনা।





সেকশন ১:

সিরাজগঞ্জ পবিস-২ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision): সিরাজগঞ্জ পবিস-২ এর আওতাধীন সকল জনগনকে গুণগতমানের বিদ্যুৎ সরবরাহ করা।

১.২ অভিলক্ষ্য (Mission): জুন/২০১৮ সালের মধ্যে অত্র পবিসের আওতাধীন সমগ্র জনগোষ্ঠীকে (প্রতিটি ঘরে) বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেওয়া।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

- ০১। বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন।
- ০২। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদান।
- ০৩। বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী বৃদ্ধি।
- ০৪। আর্থিক সক্ষমতা অর্জন।

১.৩.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

- ০১। দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা।
- ০২। কর্মপদ্ধতি ও সেবার মানোন্নয়ন।
- ০৩। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
- ০৪। কর্ম পরিবেশ উন্নয়ন।
- ০৫। তথ্য অধিকার ও সপ্রনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা।
- ০৬। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ কার্যাবলি (Functions):

- ০১। বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণের মাধ্যমে অত্র পবিসের আওতাধীন সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন।
- ০২। কারিগরী উন্নয়নের মাধ্যমে সিস্টেম লস হ্রাসকরণ।
- ০৩। বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকগনকে মিতব্যয়ী করা এবং উৎপাদনমুখী কাজে বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ।
- ০৪। অত্র পবিসের এলাকায় শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন।
- ০৫। পবিসের আয় বৃদ্ধি ও ব্যয় সংকোচনের ব্যবস্থা করা।
- ০৬। নতুন গ্রাহক সংযোগ সহজীকরণ।
- ০৭। বৈদ্যুতিক লাইন নিয়মিত রক্ষনাবেক্ষন ও মেরামত করা।
- ০৮। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের পথস্বত্ব মুক্তকরণ।
- ০৯। গ্রাহকের অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিরসন করা।
- ১০। বকেয়া আদায় করা এবং আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা।
- ১১। সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে সুষ্ঠু কর্মপরিবেশ ও সুশাসন প্রতিষ্ঠা।
- ১২। সকল ক্ষেত্রে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন।
- ১৩। ডিজিটলাইজেশন ও অটোমেশনের মাধ্যমে উত্তম সেবা নিশ্চিত করণ।



সেকশন-২

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সিরাজগঞ্জ পবিস-২

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18)					প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯	প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০
						২০১৫-১৬	২০১৬-১৭* ডিসেম্বর'১৬ পর্যন্ত	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
সংশ্লিষ্ট নগর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ														
			1. System Loss (Grid Meter) [%] (w/o resale)	%	২৮	১০.৪৬%	৯.৬৯%	৯.২৫%						
			2. Accounts Receivable (Months) (without GOB rebate & resale)	Month	১৪	০.৯৯	১.৩৬	১.০৫						
			3. Collection Bill(CB) Ratio (%) (without GOB rebate & resale)	%	১	৯৯.০০%	৯২.৭৪%	৯৯.০০%						
			4. Collection Import (CI) Ratio (%) (w/o rebate & resale)	%	১	৮৮.৮৯%	৮৩.৭৫%	৮৯.৮৪%						
			5. Recovery of amounts written=off	%	১	০.০০%	০.০০%	৫.০০%						
			6. Payment of debt service liability (Tk' 000)	Tk	৭	১২,০৫৯	-	১৪০,০০০						
			7. O & M EXP. (EX. PC , Depre. Int. & Pro. Uncoll. AMT.)(TK) / Kwh Sold (w/o resale)	Tk	২	০.৮৩	০.৮৬	১.০০						
			8. Rev. / KM of Line w/o resale (TK)' 000	Tk	১	৫৬৫	২৭৪	৬৫০						
			9.Ratio of inspection & maintenance of Distri. line against Ener. line (KM)	%	১	৩০.৩৭%	২৪.৮০%	২৫.০০%						
			10. Ratio of Damaged & repairable Transformer (no.) against total installed Transformer (no.)	%	১	৬.২২%	২.৭২%	৪.০০%						
			11.Percentage of Damaged Transformer repaired	%	১	৬%	২৭%	১০০%						
			12. Ratio of connected consumer (over 90 days) against service in place – (Except irrigation)	%	২	০.২০%	৫.৫৮%	৩.০০%						
			13. Store Management Performance:											
			a. Physical Inventory of all Stores under PBS (2016-17)	%	১	১০০%	১০০%	১০০%						
			b. Timely Closeout of Mini & Force Work Order	%	১	৮৩%	৯০%	৮০%						
			14. Maintenance and Up-gradation of equipment record card (ERC)	%	২	১৮%	৮৩%	১০০%						

২৫

সেকশন-২

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সিরাজগঞ্জ পবিস-২

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18)					প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯	প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০
						২০১৫-১৬	২০১৬-১৭* ডিসেম্বর'১৬ পর্যন্ত	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ														
			15.Improvement of Power Factor		১	০.৯৪	০.৯৬	০.৯২						
			16. Action on Meter Report	%	১	১০০%	১৭১	১০০%						
			17. Average Training hour per Employee (Hours)	Hour	২	১৮৩	৫৩	৭৫						
			18. Implementation of Annual Development Program (Issuance of Staking Sheet)	%	১	১০৩%	১৩২%	১০০%						
			19. Timeliness to attend Consumer's complain	%	১	১০০%	১০০%	১০০%						
			20. System Average Interruption Duration Index (SAIDI)	Minute	২	২৬৭	৯৯	১৫০০						
			21. System Average Interruption Frequency Index (SAIFI)	Times	২	৩.০৩	১	৭৮						
			22.% of overloaded Transformer	%	২	১০০%	৭৮%	০.৫০%						
			23.% of New Connected Consumers	%	৩	৮৬%	৯৭%	১০০%						
			24.Accounts Payable	Month	১		১.০০	১.০০						



 ২১

মাঠ পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ
(মোট নম্বর-২০)

কলাম-১ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কলাম-২ কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কলাম-৩ কার্যক্রম (Activities)	কলাম-৪ কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	কলাম-৫ একক (Unit)	কলাম-৬ কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	কলাম-৬ লক্ষ্যমাত্রার মান -২০১৭-১৮ (Target Value -2017-18)				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মাত্র (Fair)	চলতি/নিম্নের নিম্নে (Poor)
দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	৪	২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল	নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত	তারিখ	১	১৭ এপ্রিল	১৯ এপ্রিল	২০ এপ্রিল	২৩ এপ্রিল	২৫ এপ্রিল
		২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ	ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৩	-	-	-
		২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্থবর্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে অর্থবর্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	১৫ জানুয়ারি	১৬ জানুয়ারি	১৭ জানুয়ারি	১৮ জানুয়ারি	২১ জানুয়ারি
		২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল	বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	১৩ জুলাই	১৬ জুলাই	১৮ জুলাই	২০ জুলাই	২৩ জুলাই
কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন	৯	মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে কমপক্ষে একটি অনলাইন সেবা চালু করা	অনলাইন সেবা চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-
		দস্তর/সংস্থার কমপক্ষে ১ টি সেবা প্রক্রিয়া সহজীকৃত	সেবা প্রক্রিয়া সহজীকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	১২ মার্চ	-
		উগ্রাবনী উদ্যোগ ও কুরে উন্নয়ন প্রকল্প (এসআইপি) বাস্তবায়ন	উগ্রাবনী উদ্যোগ বাস্তবায়িত	তারিখ	১	৪ জানুয়ারি	১১ জানুয়ারি	১৮ জানুয়ারি	২৫ জানুয়ারি	৩১ জানুয়ারি
			এসআইপি বাস্তবায়িত	%	১	২৫				
		পিআরএল পুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মসূচীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ	সংশ্লিষ্ট কর্মসূচীর পিআরএল ও ছুটি নগদায়ন পত্র যুগপৎ জারিকৃত	%	১	১০০	৯০	৮০	-	-
		সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদান	প্রকাশিত সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত	%	১	১০০	৯০	৮০	৭০	৬০
		অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	নিষ্পত্তিকৃত অভিযোগ	%	১	৯০	৮০	৭০	৬০	-
		সেবা প্রত্যাশী এবং দর্শনাভীষের জন্য টমলেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা	নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনাভীষের জন্য টমলেটসহ অপেক্ষাগার চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-
		সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা	সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-

[Handwritten signature]

[Handwritten signature]

কলাম-১ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কলাম-২ কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কলাম-৩ কার্যক্রম (Activities)	কলাম-৪ কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	কলাম-৫ একক (Unit)	কলাম-৬ কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	কলাম-৬ লক্ষ্যসূত্রের মান -২০১৭-১৮ (Target Value -2017-18)				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতিমানের নিচে (Poor)
দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	৪	সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণের সময়	জনকটা	২	৬০	৫৫	৫০	৪৫	৪০
		জাতীয় শূন্যচারণ কৌশল বাস্তবায়ন	২০১৭-১৮ অর্থবছরের শূন্যচারণ বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত	তারিখ	১	১৬ জুলাই	৩১ জুলাই	-	-	-
			নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৩	-	-	-
উচ্চ আধিকার বাস্তবায়ন জোরদারকরণ	১	উচ্চ বাস্তবায়ন হালনাগাদকরণ	উচ্চ বাস্তবায়ন হালনাগাদকৃত	%	৫	৮০	৭০	৬০	-	-
		স্বপ্ররোচিত উচ্চ প্রকাশিত	স্বপ্ররোচিত উচ্চ প্রকাশিত	%	৫	১০০	৯০	৮৫	৮০	৭৫
অডিট ব্যবস্থাপনায় উন্নয়ন	২	অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	২	৫০	৪৫	৪০	৩৫	৩০







৩১

৬. ৭৫% প্রশিক্ষণের মধ্যে অন্তত ২০%টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

আমি, সভাপতি, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড - এর নিকট অঙ্গীকার
করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সভাপতি, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিকট অঙ্গীকার
করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরী:

স্বাক্ষরিত:

তারিখঃ ১৫ /০৬/২০১৭ খ্রিঃ

১৫/০৬/২০১৭

মোঃ আজহার আলী
জেনারেল ম্যানেজার
সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২
জেনারেল ম্যানেজার
সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২

মোঃ মহব আলী শেখ

সভাপতি
সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২
সভাপতি, সমিতি বোর্ড
সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২

১৫/০৬/১৭

পরিচালক, পবিস ব্যবস্থাপনা ও পরিচালন

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

পবিস বিভাগ
সিআরও (৩৩ পিও)
৩৩/৩৩/৩৩/৩৩

১৫/০৬/১৭

সচিব

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

(হাসিনা বেগম)
সচিব (অঃ দাঃ), বাপবিবোর্ড